# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ৬. ২৫. আবাস তাম্বুর কাছে গেলেই মৃত্যুদণ্ড

বাইবেলে ঈশ্বরের একটা আবাসস্থল তৈরি করার কথা বলা হয়েছে, যেখানে ঈশ্বর বনি-ইসরাইলদের মধ্যে অবস্থান করবেন। এটাকে ইংরেজিতে ‘Tabernacle’ (ম-প) এবং বাংলা অনুবাদে ‘আবাস’, ‘আবাস তাম্বু’ ইত্যাদি বলা হয়েছে। (যাত্রা/হিজরত ২৫/৮; ২৬/১; ৩৯/৩২; ৪০/৩৪; লেবীয় ৮/১০; ১৬/১৬; গণনা/শুমারী ১/৫১; ২/১৭, ৭/১; যিহোশূয়/ ইউসা ১৮/১; ১ রাজাবলি/বাদশাহনামা ৮/৪; ১ বংশাবলি/ খান্দাননামা ২১/২৯; ২ বংশাবলি/ খান্দাননামা ১/৩; ৫/৫...)

এ আবাসে শুধু লেবীয় বংশের যাজক বা ইমামরা প্রবেশ করতে পারবেন। বাকি এগার গোষ্ঠীর কোনো বনি-ইসরাইল অথবা অন্য কোনো মানুষ ঈশ্বরের এ ‘আবাস তাম্বু’ বা ম-পের নিকটবর্তী হলেই তাকে হত্যা করতে হবে: “মাবুদ মূসাকে বলেছিলেন, ‘তুমি লেবি-গোষ্ঠীকে গণনা করবে না, কিংবা আদমশুমারীর সময় অন্যান্য বনি-ইসরাইলদের মধ্যে তাদের ধরবে না। শরীয়ত-তাম্বুর সাজ-সরঞ্জাম ও তার সমস্ত কিছুর দেখাশোনার ভার তুমি তাদের উপর দেবে। তাদের কাজ হবে আবাস-তাম্বু এবং তার সমস্ত সাজ-সরঞ্জাম বয়ে নেওয়া। এর দেখাশোনার ভার তাদেরই নিতে হবে এবং তাদেরই এর চারপাশে তাম্বু খাটিয়ে থাকতে হবে। আবাস-তাম্বুটা যখন অন্য কোথাও নিয়ে যেতে হবে তখন লেবীয়রাই সেটা খুলে নেবে এবং যখন সেটা খাটাতে হবে তখন তাদেরই তা খাটাতে হবে। অন্য কেউ তার কাছে গেলে তাকে মেরে ফেলা হবে। (শুমারী/ গণনাপুস্তক ১/৪৮-৫১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14430

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন